

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৮

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৮০. কিয়ামতের অবস্থা ও সর্বোচ্চ মহান প্রতিপালকের 'নুযুল' (নাযিল হওয়া)

باب فِي شَأْنِ السَّاعَةِ وَنُزُولِ الرَّبِّ تَعَالَى

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْفَضْلِ حَدَّثَنَا الصَّعْقُ بْنُ حَزْنٍ عَنْ عَلِيّ بْنِ الْحَكَمِ عَنْ عُثْمَانَ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ ابْنِ مَسْعُودٍ عَنْ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ قِيلَ لَهُ مَا الْمَقَامُ الْمَحْمُودُ قَالَ ذَاكَ يَوْمٌ يَنْزِلُ اللَّهُ تَعَالَى عَلَى كُرْسِيّهِ يَئِطُّ كَمَا يَئِطُّ الرَّحْلُ الْجَدِيدُ الْمَقَامُ الْمَحْمُودُ قَالَ ذَاكَ يَوْمٌ يَنْزِلُ اللَّهُ تَعَالَى عَلَى كُرْسِيّهِ يَئِطُّ كَمَا يَئِطُّ الرَّحْلُ الْجَدِيدُ مِنْ تَضَايُقِهِ بِهِ وَهُو كَسَعَةِ مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ وَيُجَاءُ بِكُمْ حُفَاةً عُرَاةً غُرْلًا فَيَكُونَ مَنْ يَكُونَ أُولَ مَنْ يُكْسَى إِبْرَاهِيمُ يَقُولُ اللَّهُ تَعَالَى اكْسُوا خَلِيلِي فَيُوْتَى بِرَيْطَتَيْنِ بَيْضَاوَيْنِ مِنْ رِيَاطِ الْجَنَّةِ ثُمَّ أَكْسَى عَلَى إِثْرِهِ ثُمَّ أَقُومُ عَنْ يَمِينِ اللَّهِ مَقَامًا يَغْبِطُنِي الْأَوَّلُونَ وَالْآخِرُونَ وَالْآخِرُونَ وَلَا الْجَنَّةِ ثُمَّ أَكْسَى عَلَى إِثْرِهِ ثُمَّ أَقُومُ عَنْ يَمِينِ اللَّهِ مَقَامًا يَغْبِطُنِي الْأَوَّلُونَ وَالْآخِرُونَ وَالْآخِرُونَ

বাংলা

২৮৩৮. ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হলো, মাকামে মাহমূদ কী? উত্তরে তিনি বলেন: "এটা ঐ সময় যখন আল্লাহ তা'আলা তাঁর আপন 'কুরসী'তে 'নাযিল' হবেন, তখন সংকীর্ণতার ফলে (আরোহী'র উপরের) নতুন জিন (গদী) যেমন (কড়মড়) শব্দ করতে থাকে, তেমনিভাবে তাঁর কারণে সেটি (কড়মড়) শব্দ করতে থাকবে। অথচ তার প্রশস্ততা হবে আসমান ও যমীনের মাঝের দূরত্বের সমান। আর তোমাদেরকে খালি পায়ে ও উলঙ্গ দেহে খতনাবিহীন অবস্থায় আনয়ন করা হবে। সর্বপ্রথম ইবরাহীম (আ.) কে কাপড় পরানো হবে। আল্লাহ তা'আলা বলবেন: 'আমার খলীল (দোস্ত)-কে কাপড় পরিয়ে দাও।' তখন জান্নাত থেকে আনিত সাদা রং এর দু'টি নরম-কোমল চাদর পরানো হবে। তারপর আমাকে পোশাক পরানো হবে। আমি তাঁর ডানদিকে এমন স্থানে দাঁড়াবো যে, পূর্ববর্তী ও পরবর্তী সমস্ত লোক তা দেখে ঈর্ষা করবে।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ অত্যন্ত দুর্বল। উছমান বিন উমাইর সম্পর্কে আহমাদ ও বুখারী বলেছেন: মুনকারুল হাদীস।' ইবনু হিব্বান মাজরুহীন' ২/৯৫ তে বলেন: সে হলো এমন ব্যক্তি যে এলোমেলো বর্ণনা করতো, এমনকি



সে জানতে পারতো যে সে কী বর্ণনা করছে। ফলে তার বর্ণনা প্রমাণ হিসেবে উপস্থাপণ করা জায়েয নয়...।"

তাখরীজ: তাবারাণী, কাবীর ১০/৯৯ নং ১০০১৮; আবু নুয়াইম, হিলইয়া ৬/২৩৯; ; বুখারী, কাবীর ৪/১৩৭ তা'লীক হিসেবে; আবীশ শাইখ, আল আযিমাহ নং ২২৭; হাকিম ২/৩৬৪-৩৬৫; আহমাদ নং ৩৭৮৬ (নাশর: মাকতাবুল ইসলামী); তার সূত্রে ইবনু কাছীর, তাফসীর ৫/১০৪-১০৫।

"আর তোমাদেরকে খালি পায়ে ও উলঙ্গ দেহে খতনাবিহীন অবস্থায় আনয়ন করা হবে।" এ অংশটুকুর শাহিদ সহীহ হাদীস রয়েছে ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে, আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৩৯৬ তে, সেটিই হলো পরবর্তী হাদীসটি। এছাড়াও, পোশাক পরানোর অংশটুকুর শাহিদ রয়েছে আলী রাদ্বিয়াল্লাহু আনহু হতে, আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৬৬ তে। আরও দেখুন, ফাতহুল বারী, ১১/৩৮৪-৩৮৫।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন